

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৯৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই ব্যক্তিকে সালাত পুনরায় আদায় করার নির্দেশ দিয়েছিলেন, কারণ তিনি তার মতো অনুরুপ অন্য মুক্তাদীর সাথে কাতারে যুক্ত হয়নি

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا أَمَرَ هَذَا الرَّجُلَ بِإِعَادَةِ الصَّلَاةِ لِأَنَّهُ لَمْ يَتَّصِلْ بِمُصَلِّ مِثْلِهِ حَيْثُ كَانَ مأموما

আরবী

2197 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ عَنْ حُصيَيْنٍ عَنْ هُلَل بْن يَسَاف قَالَ:

أَخَذَ بِيَدِي زِيَادُ بْنُ أَبِي الْجَعْدِ وَنَحْنُ بِالرَّقَّةِ فَأَقَامَنِي عَلَى شَيْخٍ مِنْ بَنِي أَسَد يُقَالُ لَهُ: وَابِصَةُ بْنُ مَعْبَدٍ قَالَ: حَدَّثَنِي هَذَا الشَّيْخُ أَنَّ رَجُلًا صلَّى خَلْفَ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَحْدَهُ لَمْ يَتَّصِلْ بأحد فَأَمَرَهُ أَنْ يعيد الصلاة.

الراوي: وَابِصنَة بْن مَعْبَدِ بْنِ الْحَارِثِ الْأَسَدِيّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2197 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (الإرواء)) (2/ 328 و 329).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: سَمِعَ هَذَا الْخَبَرَ هِلَالُ بْنُ يَسَافٍ عَنْ عَمْرِو بْنِ رَاشِدٍ عَنْ وَابِصنَةَ بْنِ مَعْبَدٍ وَسَمِعَهُ مِنْ زِيَادِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ وَابِصنَةَ وَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

২১৯৭. ওয়াবিসাহ বিন মা'বাদ বিন হারিস আল আসাদী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার এক ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে কারো সাথে যুক্ত না হয়ে একাকী সালাত আদায় করেন, তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সালাত পুনরায় আদায় করার নির্দেশ দিলেন।"[1]



আবূ হাতিম ইবনু হিবান রহিমাহ্লাহ বলেন, "এই হাদীসটি হিলাল বিন ইয়াসাফ আমর বিন রাশিদের মাধ্যমে ওয়াবিসা বিন মা'বাদ থেকে শ্রবণ করেছেন এবং তিনি যিয়াদ বিন আবুল জা'দের মাধ্যমে ওয়াবিসা বিন মা'বাদ থেকেও হাদীসটি শ্রবণ করেছেন। কাজেই হাদীসটির দুটো সানাদই মাহফূয বা সহীহ।"

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২২/৩৮৩; মুসনাদ আহমাদ: ৪/২২৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহ্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহ্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ওয়াবিসা বিন মা'বাদ জুহানী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন